

💵 সুনান আদ-দারেমী (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২০৩

১. পবিত্রতা অধ্যায় (کتاب الطهارة)

পরিচ্ছেদঃ ১১৭. জুনুবী (অপবিত্র) ব্যক্তির মসজিদের মধ্যে যাতায়াত

بَاب مُرُورِ الْجُنُبِ فِي الْمَسْجِدِ

আরবী

أَخْبَرَنَا مُسْلِمٌ حَدَّثَنَا الْحَسَنُ بْنُ أَبِي جَعْفَرٍ حَدَّثَنَا سَلْمٌ الْعَلَوِيُّ عَنْ أَنَسٍ وَلَا جُنْبًا إِلَّا عَابِرِي سَبِيلٍ قَالَ الْجُنُبُ يَجْتَانُ بِالْمَسْجِدِ وَلَا يَجْلِسُ فِيهِ

বাংলা

১২০৩. সাল্ম আল আলাবী হতে বর্ণিত, আল্লাহর বাণী ["আর পথচারী অবস্থায় থাকা ব্যতীত না জুনুবী (অপবিত্র) অবস্থায় (সালাতের নিকটবর্তী হয়োনা)।' (সুরা নিসা ৪: ৪৩)] (এ আয়াতের ব্যাখ্যায়) আনাস রাদ্বিয়াল্লাহু আনহু বলেছেন: 'জুনুবী' (অপবিত্র) ব্যক্তি মসজিদ অতিক্রম করতে পারবে, কিন্তু মসজিদে বসতে পারবে না।[1]

ফুটনোট

[1] তাহকীক: এর সনদ যয়ীফ, হাসান ইবনু আবী জা'ফর যয়ীফ হওয়ার কারণে।

তাখরীজ: বাইহাকী, ২/৪৪৩; দেখুন, বাইহাকী, মা'রিফাতুস সুনান নং ৫০৯৭।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন